স্টাফ রিপোর্টার: রাজধানীর কামরাঙ্গীরচর বেরেবাঁধ মাহাদনিগর এলাকায় কিশোর গ্যাংয়ের দুই গ্রæপের দ্বন্দ্বে ছুরিকাঘাতে আঘাতে দুই কিশোর আহত হয়েছে। গুরুতর আহত অবস্থায় তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। গত রোববার সন্ধ্যা ৭টার দিকে এই ঘটনা ঘটে। আহতরা হলো- মো. রাসেল মোল্লা (১৮) ও মাসুদ রানা বাবুল (১৭)। রাসেল থাকে হাজারীবাগ নবীপুর আর মাসুদের বাসা কামরাঙ্গীরচর মাহাদনিগরে। আহত রাসেল জানায়, সন্ধ্যায় সে তার বান্ধবীকে ঝাউচর লাইফকেয়ার হাসপাতালের পাশে পৌঁছে দিয়ে নিজের বাসায় ফিরছিল। তখন মাহাদনিগর দলিু সরদার রোডের মোল্লা বাড়ি মসজিদের পেছনে ওই এলাকার রাকিব, আব্দুল্লাহ, প্যাডসি, প্রিন্স, তারেকসহ ২০-২৫ জন তাকে ধরে নিয়ে এলোপাতাড়ি ছুরিকাঘাত করে। তখন রক্তাক্ত অবস্থায় সে একাই সেখান থেকে চলে আসার পর বন্ধুরা তাকে হাসপাতালে নিয়ে যায়। আহত মাসুদ জানায়, রাসেলকে আহত করার পর একই এলাকায় তাকে পেয়ে তাকেও ছুরিকাঘাত করে ওই গ্যাংয়ের সদস্যরা। ওই কিশোরদের সঙ্গে মাসখানেক আগে তাদের একটি মারামারির ঘটনা ঘটেছিল রাসেল ও মাসুদের গ্যাংয়ের। সেই ঘটনার জের ধরেই তাদের দুজনকে ধারালো অস্ত্রের আঘাত করেছে বলে জানায় আহতদের বন্ধুরা। ঢাকা মেডিকেল পুলিশ ক্যাম্পের ইনচার্জ (ইন্সপেক্টর) মো. বাচ্চু মিয়া জানান, তাদের দুজনের অবস্থাই গুরুতর। জরুরি বিভাগে তাদের চিকিৎসা চলছে।